আমরা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাথে মাগরীবের সালাত আদায় করতাম। তখন আমাদের লোকজন এমন অবস্থায় ফিরে যেত যে, তারা তাদের তীরের নিশানা দেখতে পেত।

রাফে‘ ইবন খুদাইজ আল-আনসারী আল আওসী রাদিয়াল্লাহু ‘আনহু বলেন, আমরা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাথে মাগরীবের সালাত আদায় করতাম। তখন আমাদের লোকজন এমন
অবস্থায় ফিরে যেত যে, তারা তাদের তীরের নিশানা দেখতে পেত। [সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

হাদীস শরীফটি স্পষ্ট করে যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অধিকাংশ সময় মাগরিবের সালাত প্রথম ওয়াক্তে আদায় করতেন। এতে প্রমাণিত হয় যে, এটিই সুন্নাত। এর ওপর প্রমাণ হলো তারা সালাত শেষ করত এমন সময় যখন কিছু রশ্মি অবশিষ্ট থাকত যার দ্বারা তারা তাদের তীর নিক্ষেপের স্থানটি দেখতে পেত।

http://www.sunnah.global/hadeeth/bn/show/10599